# রাজধানীতে রিকশা গ্যারেজে হঠাৎ অগ্নিকাণ্ড



সংগৃহীত ছবি

রাজধানীর কুড়িল এলাকায় আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ (এআইইউবি) সংলগ্ন একটি রিকশা গ্যারেজে হঠাৎ আগুন ধরে যায়। ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে কাজ করছে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট, এবং আরও দুটি ইউনিট ঘটনাস্থলে যাওয়ার পথে রয়েছে।

মঙ্গলবার (১৮ নভেম্বর) রাত ৮টার দিকে গ্যারেজটিতে আগুনের সূত্রপাত হয়। খবর পেয়ে ফায়ার সার্ভিস দ্রুত বসুন্ধরা কুড়াতলীর ওই স্থানে পৌঁছে উদ্ধার ও নিয়ন্ত্রণ কার্যক্রম শুরু করে।

তবে আগুন লাগার কারণ এবং কোনো হতাহতের ঘটনা ঘটেছে কি না—এ বিষয়ে এখনো নিশ্চিত করতে পারেনি ফায়ার সার্ভিস।

LENS ASIA